দৈনিক খবর

তারিখ 10 FEB 1992
পৃষ্ঠা ২ কলাম ৭

প্রশাসনিক কর্মকর্তাদের সহায়তার ব্যবস্থা

# আজকের ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠানের কর্মসূচী অপরিবর্তিত

ঢাকা ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষা নির্ধারিত সময়সূচী অনুযায়ী আজ সোমবার অনুষ্ঠিত হবে। এক সরকারী তথ্য বিবরণীর বরাত দিয়ে বাসস গতকাল এ খবর দেয়।

পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে আইন-শৃংখলা বজায় রাখার জন্য সরকার প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করেছে। বেসরকারী কলেজ শিক্ষকদের ধর্মঘটের ফলে উদ্ভূত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকল জেলা প্রশাসককে পরিদর্শকের দায়িত্বে জেলা ও উপজেলা পর্যায়ের সরকারী কর্মকর্তাদের সেবা কাজে লাগানোর নির্দেশ দেয়া হয়েছে।

পরীক্ষা বিঘ্নের চেষ্টায় লিপ্ত কাউকে পাওয়া গেলে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তির বরাত দিয়ে চট্টগ্রাম থেকে বাসস জানায়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯১ সালের ডিগ্রী (পাস) পরীক্ষা

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

## আজকের ডিগ্রী পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

আজ সোমবার শুরু হচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের ১১৪টি কলেজের সর্বমোট ৩২ হাজার ৬শ' ৮০ জন পরীক্ষায় অংশ নেবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের জন্য ছাত্র, শিক্ষক, অভিভাবক ও প্রশাসনের সহযোগিতা কামনা করেছে।

18